

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/11/2019

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো সাবওয়ে স্টপে স্বস্তিকচিহ্ন এবং ইহুদী-বিরোধী গ্রাফিতি সম্পর্কে তদন্তে সহায়তার জন্য স্টেট পুলিশের হেইট ক্রাইমস টাস্ক ফোর্স (STATE POLICE HATE CRIMES TASK FORCE) কে নির্দেশ দিয়েছেন

"এর আগে আজ, 103 তম স্ট্রিট সাবওয়ে স্টপের দেয়ালে ইহুদি বিরোধী গ্রাফিতি এবং স্বস্তিকচিহ্ন দেখা যায়। এটা ইহুদি সম্প্রদায়কে লক্ষ্য করে সংঘটিত সাম্প্রতিক ঘটনা, আর আমি এই জঘন্য কাজ নিয়ে একেবারে বিরক্ত যার উদ্দেশ্য ভয় ছড়ানো আর বিভেদ করা।

এসব ঘটনার প্রেক্ষিতে আমি স্পষ্ট করে বলতে চাই যে নিউ ইয়র্ক ইহুদি সম্প্রদায়ের সঙ্গে আছে এবং আমরা এই কাপুরুষদের আমাদের ভয় দেখানোর সুযোগ দেব না। আমি এই জঘন্য অপকর্মটির তদন্ত করতে, দায়ী ব্যক্তিদের খুঁজে বের করতে এবং আইনের সর্বোচ্চ সীমায় তাদের বিচার করার জন্য নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (NYPD) কে সহযোগিতা করার জন্য স্টেট পুলিশের হেইট ক্রাইম টাস্ক ফোর্সকে নির্দেশ দিচ্ছি।

এই কুরুচিপূর্ণ এবং ঘৃণার উদ্বেককারী বাগাড়ম্বর নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের মূল্যবোধের সরাসরি বিপরীতে দাঁড়িয়েছে এবং আমরা ঘৃণার এই ক্যান্সারের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাব যা আমাদের স্টেটকে এবং আমাদের দেশকে সব দিকে বিষিয়ে দিচ্ছে।"

###

<https://twitter.com/nypdhatecrimes/status/1193924463886323714?s=11>

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)